

Visit of Shri V. Muraleedharan, Minister of State for External Affairs to the People's Democratic Republic of Algeria (September 15 -17, 2021)

September 17, 2021

বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের আলজেরিয়া গণতান্ত্রিক প্রজাতন্ত্রে সফর (সেপ্টেম্বর 15-17, 2021)

সেপ্টেম্বর 17, 2021

বিদেশ প্রতিমন্ত্রী (এমওএস) শ্রী ভি মুরলীধরন সেপ্টেম্বর 15- 17 , 2021 -এ আলজেরিয়া গণতান্ত্রিক প্রজাতন্ত্রে সফর করেছেন। তার সফর কালে তিনি আলজেরিয়ার প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার এইমেন বেনাবডেরাহমেইনের সাথে সাক্ষাৎ করেছেন এবং পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। আলজেরিয়ার বিদেশমন্ত্রী ও বিদেশে জাতীয় সম্প্রদায়ের মন্ত্রী মিস্টার রামতানে লামামরা এবং পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের মহা সচিব মিস্টার চাকিবকাইব-এর সাথে বিদেশ প্রতিমন্ত্রীর একটি ফলপ্রসূ আলোচনা হয়েছে। একটি নিকটতম তারিখে ভারত-আলজেরিয়া যৌথ কমিশনের দশম দফার বৈঠক আয়োজন করার জন্য তারা সহমত হয়েছেন।

প্রতিমন্ত্রী আলজেরিয়ার বাণিজ্য এবং রপ্তানি উৎসাহ মন্ত্রী মিস্টার কামেল রেজিগ এবং শক্তি ও খনি মন্ত্রী মিস্টার আরকাব মহম্মদ-এর সাথেও সাক্ষাৎ করেছেন। শক্তি, রাসায়নিক ও সার সহ বিভিন্ন ক্ষেত্রে আমাদের অর্থনৈতিক সম্পর্ককে আরও উৎসাহ প্রদানের জন্য তারা সহমত হয়েছেন। ভারত এবং আলজেরিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিনিয়োগ আরও বাড়ানোর একটি সাধারণ ইচ্ছা রয়েছে।

আলজেরিয়াতে 4000 জনের একটি ছোট্ট কিন্তু প্রাণবন্ত ভারতীয় সম্প্রদায় রয়েছে যাদের মধ্যে বেশীরভাগ বিভিন্ন কোম্পানিতে কাজ করেন। প্রতিমন্ত্রী তার সফর কালে তাদের একটি দলের সাথে কথাবার্তা বলেন। সামগ্রিকভাবে, এই সফর আলজেরিয়ার সাথে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নেওয়ার জন্য সুর সৃষ্টি করেছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.